

৫। লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি।—আইন ও এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত হারে লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি প্রদান করিতে হইবে যথাঃ—

## ছক

ক্রমিক নং	ক্যাটাগরি	লাইসেন্স ফি (টাকা)	নবায়ন ফি (টাকা)	আপিল ফি (টাকা)
(১)	মৎস্যখাদ্য উৎপাদন কারখানা, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ (ক্যাটাগরি-১)	১০,০০০	৫,০০০	৬,০০০
(২)	মৎস্যখাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি, সংরক্ষণ (ক্যাটাগরি-২)	১০,০০০	৫,০০০	৬,০০০
(৩)	মৎস্যখাদ্য বিক্রয় পাইকারী (ক্যাটাগরি-৩ ক)	১,০০০	৫০০	১,০০০
(৪)	মৎস্যখাদ্য বিক্রয় খুচরা (ক্যাটাগরি-৩ খ)	৫০০	৩০০	৫০০

৬। মৎস্য খাদ্যে ব্যবহৃত এডিটিভস, ফিড বাইন্ডার এবং উপকরণের আদর্শমাত্রা।—গুণগত মান বজায় রাখিবার লক্ষ্যে মৎস্যখাদ্য আইনের ধারা ১০ এর অধীন তফসিল ৪ এ উল্লিখিত এডিটিভস, তফসিল ৫ এ উল্লিখিত ফিড বাইন্ডার এবং তফসিল ৬ এ নির্ধারিত আদর্শমাত্রা থাকিতে হইবে এবং উক্ত আদর্শমাত্রা অনুসরণপূর্বক মৎস্যখাদ্য প্রস্তুত করিতে হইবে।

৭। ক্ষতিকর রাসায়নিক দ্রব্য।—আইনের ধারা ১৪ এর বিধান মোতাবেক মৎস্যখাদ্যে ব্যবহার নিষিদ্ধ ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির তালিকা তফসিল ৭ ও ৭(ক) এ নির্ধারণ করা হয়েছে।

৮। মৎস্য খাদ্যে উপকরণসমূহের আদর্শমাত্রা/পুষ্টিমান নির্ণয় পদ্ধতি।—(১) মৎস্যখাদ্যের উপকরণের আদর্শমাত্রা নির্ণয়ে বিধি ৯ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নমুনা সংগ্রহকরতঃ নির্দিষ্ট মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষা করাইতে পারিবেন।

(২) বাণিজ্যিক মৎস্যখাদ্যের গুণগতমান বা পুষ্টিমান নিম্নবর্ণিত পদ্ধতি দ্বারা নির্ণয় করা যাইবে, যথাঃ—

- (ক) আমিষ : জেলডাল পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;
- (খ) তৈল : সলভেন্ট এক্সট্রাকশন (এসিটন/ইথার এক্সট্রাকশন) পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;
- (গ) জলীয় :  $105^{\circ}$ — $110^{\circ}$  সেলসিয়াস তাপমাত্রায় ওভেন ড্রাইং পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কোন পদ্ধতি;